



গোষ্ঠিতরকৃত ধর্মঘটী মাধ্যমিক শিক্ষকদের সোমবার সন্ধ্যায় কেন্দ্রীয় কারাগার থেকে মুক্তি দেয়া হয় —দৈনিক বাংলা

## মুক্তি লাভ

(১ম পৃঃ পর)

তথ্য, বিবরণীতে বলা হয়, শিক্ষকদের মর্যাদা, কল্যাণ ও দাবী দাওয়ার ব্যাপারে সরকার এ ধরত সম্ভাব্য যা কিছু করেছেন সে বিষয়ে করো মনে কোন সন্দেহের অবকাশ থাকতে পারে না।

তথ্য বিবরণীতে উল্লেখ করা হয় যে বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ের এক শ্রেণীর শিক্ষক এ বছর এসএসসি পরীক্ষা চলাকালে ধর্মঘট অব্যাহত রাখেন। এ পরিস্থিতিতে সময় মত পরীক্ষা অনুষ্ঠান ও পরিচালনার জন্য সরকারকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে বাধ্য করা হয়। ইতিমধ্যে এসএসসি পরীক্ষা স্বাভাবিকভাবে অনুষ্ঠিত হয়েছে।

আমাদের স্টাফ রিপোর্টের জানান কেন্দ্রীয় কারাগার গেটে সন্ধ্যা ৭টায় শিক্ষক সমন্বয় পরিষদের নেতৃবৃন্দ সহ বিপুল সংখ্যক শিক্ষক মুক্তিপ্রাপ্ত শিক্ষকদের অভ্যর্থনা জানান। মুক্তিপ্রাপ্ত শিক্ষকদের মধ্যে রয়েছেন বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আবদুল মান্নান ও বাংলাদেশ শিক্ষক সমিতির (নজরুল) ভারপ্রাপ্ত সভাপতি জনাব আবদুল নূর চৌধুরী।

কেন্দ্রীয় কারাগার থেকে মুক্তিপ্রাপ্ত ২৬ জন শিক্ষকের সম্মানে পরে আনোয়ারা উচ্চ বিদ্যালয়ে এক সংবর্ধনার আয়োজন করা হয়।

শিক্ষকগণ গতকালের আলোচনায় প্রেক্ষিতে বিনাশর্তে গোষ্ঠিতরকৃতদের মুক্তি দেয়ায় সরকারকে ধন্যবাদ জানান।

তার আগামী ১০ই এপ্রিলের মধ্যে প্রশিক্ষণার্থীদের হোস্টেলে ফিরিয়ে নেয়াসহ শিক্ষকদের দু'দফা দাবী অবিলম্বে মেনে নেয়ায় আন্তরিক জানান।

## আটক শিক্ষকদের মুক্তি লাভ

নিবর্তনমূলক আইনে গোষ্ঠিতরকৃত সকল শিক্ষককে সোমবার মুক্তি দেয়া হয়েছে এবং সকল আটকাদেশ বাতিল করা হয়েছে।

এক তথ্য বিবরণীতে বলা হয় সরকার আশা করেন যে ধর্মঘটী শিক্ষকবৃন্দ সার্বিক জনস্বার্থ বিবেচনায় অবিলম্বে কাজে যোগদান করে দেশে শিক্ষার স্বাভাবিক পরিবেশ ফিরিয়ে আনবেন।

(৫-এর পৃঃ দৃষ্ট)